

যুব কর্মসংস্থান ও সরকারি পরিষেবার কার্যকারিতা

মাদ্রাসা শিক্ষার্থীদের প্রত্যাশা

ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম

গবেষণা পরিচালক, সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)

২৬ অক্টোবর ২০১৯; ঢাকা



[www.cpd.org.bd](http://www.cpd.org.bd)

## বিশেষ ধন্যবাদ

ড. দেবপ্রিয় ভট্টাচার্য, সম্মাননীয় ফেলো, সিপিডি

অধ্যাপক মোস্তাফিজুর রহমান, সম্মাননীয় ফেলো, সিপিডি

### সহযোগিতা

আবু সাঈদ মোঃ শামীম আলম শিবলী

ইন্টার্ন, সিপিডি

# সূচি

১. বাংলাদেশের মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠী
২. কর্মশালার/গবেষণার প্রেক্ষাপট
৩. যুবকদের কর্মসংস্থান ও উন্নয়নের জন্যে প্রণীত জাতীয় নীতিমালা ও নির্বাচনী প্রতিশ্রুতি
৪. মাদ্রাসা শিক্ষার পরিস্থিতি
৫. মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠীর কর্মসংস্থান পরিস্থিতি
৬. মাদ্রাসা শিক্ষার চ্যালেঞ্জ
৭. ঢাকা জেলা: শিক্ষা, প্রশিক্ষণ, কর্মসংস্থান এবং যুবসমাজের সাথে জড়িত সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান
৮. কর্মশালা-আলোচনার উদ্দেশ্য, কাঠামো এবং ধরণ

# ১. বাংলাদেশের মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠী

- খানার আয় ও ব্যয় নির্ধারণ জরিপ (HIES) ২০১৬ থেকে দেখা যায় যে, দেশে মাদ্রাসা শিক্ষায় শিক্ষিত এবং বর্তমানে মাদ্রাসা পড়ুয়া এমন জনগোষ্ঠীর পরিমাণ মোট জনগোষ্ঠীর প্রায় ৫.৫%।
- মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় শিক্ষিত পরিবারের সদস্যদের মধ্যে এই হার প্রায় সমান।

## বিভিন্ন প্রতিষ্ঠানে শিক্ষিত জনগোষ্ঠী

শিক্ষাগত যোগ্যতা	খানা প্রধান	স্বামী/ স্ত্রী	পুত্র/ কন্যা	পুত্রবধু/ জামাতা	নাতি/ নাতনী	পিতা/ মাতা	ভাই/ বোন	অন্যান্য	মোট
স্কুল	৮১.৭	৮১.৯	৮১.৮	৮২.১	৮২.৬	৮২.২	৮৩.০	৮২.২	৮১.৯
কলেজ	৯.৭	৯.৭	৯.৫	১০.০	৯.১	১০.১	৯.৮	৯.৯	৯.৬
বিশ্ববিদ্যালয়	১.৬	১.৫	১.৫	১.৪	১.৫	১.১	১.৩	১.৬	১.৫
মাদ্রাসা	৫.৫	৫.৪	৫.৬	৫.২	৫.২	৫.০	৫.৪	৫.০	৫.৫
সরকারি স্বাক্ষরতা কর্মসূচী	০.২	০.২	০.২	০.২	০.১	০.২	০.১	০.১	০.২
এনজিও স্বাক্ষরতা কোর্স	০.৯	১.০	১.০	০.৯	১.১	১.০	০.৩	০.৮	০.৯
অন্যান্য	০.৫	০.৪	০.৫	০.৩	০.৪	০.৫	০.১	০.৪	০.৪
মোট	১০০	১০০	১০০	১০০	১০০	১০০	১০০	১০০	১০০

তথ্যসূত্র: খানার আয় ও ব্যয় নির্ধারণ জরিপ (HIES ২০১৬) থেকে সিপিডির বিশ্লেষণ


# ১. বাংলাদেশের মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠী

➤ জাতীয় খানার আয় ও ব্যয় জরিপ (HIES) ২০১৬ এর তথ্য বিশ্লেষণ করে দেখা যায়-


- মাদ্রাসা শিক্ষিত পরিবারদের পারিবারিক অবস্থা তুলনামূলকভাবে কিছুটা খারাপ।
- উদাহরণস্বরূপ, বাড়ির ছাদ/ দেয়াল তৈরীতে ব্যবহৃত কাঁচামাল। তবে জাতীয় পর্যায়ে সাথে তুলনা করলে এ পার্থক্য উল্লেখযোগ্য নয়।

➤ বিদ্যুৎ সংযোগের দিক থেকেও মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠীর এই সুবিধা প্রাপ্তি জাতীয় পর্যায়ে প্রায় সমপর্যায়ের।


## বিদ্যুৎ সংযোগ



## দেয়াল তৈরীতে ব্যবহৃত




## ছাদ তৈরীতে ব্যবহৃত




তথ্যসূত্রঃ খানার আয় ও ব্যয় নির্ধারন জরিপ (HIES ২০১৬) থেকে সিপিডি বিশ্লেষণ

# ১. বাংলাদেশের মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠী

কম্পিউটার ও ইন্টারনেট/ইমেইল সুবিধা



ইন্টারনেটের ব্যবহার



➤ মাদ্রাসা শিক্ষিত পরিবারের মধ্যে কম্পিউটার ব্যবহারের শতকরা হার জাতীয় পর্যায়ে চেয়ে কিছুটা বেশি, যা প্রায় ৪% অন্যদিকে জাতীয় পর্যায়ে এই হার মাত্র ৩ শতাংশ।

➤ জাতীয় পর্যায়ে ইন্টারনেট/ইমেইল এর ব্যবহার প্রায় ৮% অন্যদিকে মাদ্রাসা শিক্ষিত পরিবারগুলোতে এই হার জাতীয় পর্যায়ে অর্ধেক।

➤ বাসা বাড়িতে ইন্টারনেট/ইমেইল এর ব্যবহারের দিক থেকে মাদ্রাসা শিক্ষিত পরিবার জাতীয় পর্যায়ে পরিবারদের থেকে অনেক পিছিয়ে।

■ মোবাইল ফোন ■ কম্পিউটার (বাড়িতে) ■ সাইবার ক্যাফে ■ কমিউনিটি ইনফরমেশন সেন্টার ■ অন্যান্য

# ১. বাংলাদেশের মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠী


➤ বিদেশ গমনের ক্ষেত্রে মাদ্রাসা শিক্ষিতদের অবস্থা জাতীয় পর্যায়ের প্রায় সমান, যা প্রায় ০.৬৭%।

➤ পারিবারিক সম্পর্কের দিক থেকে বিবেচনা করলে দেখা যায় যে, একটি পরিবারের সদস্যসহ সেই পরিবারের প্রধান এর মধ্যে জাতীয় পর্যায়ের পরিবারগুলো থেকে মাদ্রাসা শিক্ষিত পরিবারদের মধ্যে বিদেশ গমনের হার অনেক বেশি।


➤ পরিবার প্রধান নিজে (মাদ্রাসা শিক্ষায় শিক্ষিত) ৩১.৮% অথবা কোন পরিবার প্রধানের পুত্র/ কন্যাদের ৩৮.৬% বিদেশ গমন করেছেন। উল্লেখযোগ্য যে পরিবার প্রধানের স্বামী/ স্ত্রীদের ক্ষেত্রেও এই হার অনেক বেশি যা প্রায় ২০.৫%।

➤ উচ্চশিক্ষায় শিক্ষিত যে সকল পরিবার প্রধান বিদ্যমান এদের মধ্যে মাদ্রাসা শিক্ষায় শিক্ষিত পরিবার প্রধানরা তুলনামূলকভাবে বেশি জাতীয় পর্যায়ের পরিবার প্রধানদের তুলনায়।

## বিদেশে শিক্ষিত



## বিদেশে শিক্ষিত



তথ্যসূত্র: খানার আয় ও ব্যয় নির্ধারণ জরিপ (HIES ২০১৬) থেকে সিপিডি বিশ্লেষণ

## ২. কর্মশালার/গবেষণার প্রেক্ষাপট

- এ বিপুল মাদ্রাসা শিক্ষিত/ পড়ুয়া জনগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ এবং পরিবর্তিত প্রযুক্তি, দক্ষতা ও বিজ্ঞানভিত্তিক কর্মকাণ্ডে অংশগ্রহণের সক্ষমতা বোঝা দরকার।
- সরকারের মধ্য-দীর্ঘমেয়াদি উন্নয়ন পরিকল্পনায় এ জনগোষ্ঠীর জন্য কি কি সুযোগ রাখা আছে, তা জানা জরুরী।
- জাতীয় বাজেট ২০১৯-২০২০ এর ঘোষণা অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে অতিরিক্ত আরো ৩ কোটি কর্মসংস্থান তৈরির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
  - বর্তমানে সরকারের নির্বাচনী অঙ্গীকারে কর্মসংস্থান তৈরীর ক্ষেত্রেও একই লক্ষ্যের দিকে দৃষ্টিপাত করা হয়েছে, যেখানে যুব কর্মসংস্থান তৈরীতে বিশেষভাবে জোর দেয়ার কথা বলা আছে।
- শিক্ষা, প্রশিক্ষণ ও কর্মসংস্থানের সাথে জড়িত সরকারি প্রতিষ্ঠানগুলোর কার্যকরী সেবা প্রদানের ক্ষেত্রে অনেক দুর্বলতা এবং দক্ষতার অভাব রয়েছে। এই ধরনের দুর্বলতা যুবকদের মাঝে সেবা প্রদানের ক্ষেত্রে বেশি লক্ষণীয়।
  - জড়িত এ সকল সরকারি প্রতিষ্ঠানগুলোর মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান, প্রশিক্ষণ কেন্দ্র, ও সরকারি অফিসগুলো যারা বিভিন্ন ধরনের ব্যবসায় সংক্রান্ত কাজে সেবা প্রদানের সাথে জড়িত এর আওতাভুক্ত।
  - মাদ্রাসা শিক্ষিতদের জন্য এ সুযোগগুলো কতটুকু রয়েছে?



## ২. কর্মশালার/গবেষণার প্রেক্ষাপট

- টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নে বাংলাদেশ তুলনামূলকভাবে অগ্রগামী দেশগুলোর মধ্যে অন্যতম। সেখানে এসডিজির আলোকে কর্মসংস্থান তৈরীতে এই গবেষণার ফলাফল পর্যালোচিত হতে পারে।
  - গবেষণাটি এসডিজি ১৬.৬ এর আলোকে কর্মসংস্থান এবং যুবসমাজের সাথে সম্পর্কিত কার্যকর, জবাবদিহিতা মূলক এবং স্বচ্ছতার সাথে পরিচালিত সরকারি প্রতিষ্ঠানের বিষয়ে যুবকদের দৃষ্টিভঙ্গি মূল্যায়ন করবে।
  - গবেষণাটি ২০৩০ সালের মধ্যে কর্মসংস্থান তৈরীর যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, তার জন্য প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক নীতিমালার সংস্কারের সাথে সাথে কার্যসম্পাদন নীতিমালা সংস্কারের ব্যবস্থা করা এবং ২০৩০ সালের মধ্যে প্রয়োজনীয় কর্মসংস্থানের লক্ষ্য অর্জনের জন্য সুপারিশমালা পেশ করবে।
- এই কর্মশালা গবেষণার জন্য বিশ্লেষণমূলক কাঠামো তৈরী, গবেষণার পরিধি, জরিপের জন্য প্রশ্নমালা তৈরী করা এবং সেই প্রশ্নাবলীতে কি কি পরিবর্তন আনা প্রয়োজন তা বুঝতে সাহায্য করবে।
- ‘আরও বেশি এবং আরও ভাল কর্মসংস্থান’ অনেক ধরনের প্রভাবকের সাথে জড়িত-
  - কর্মসংস্থানের মান কেমন এবং কি পরিমাণ কর্মসংস্থান তৈরী হচ্ছে তার মূল্যায়ন;
  - কর্মসংস্থানের ধরণ এবং শ্রমশক্তিতে অন্তর্ভুক্তি;
  - কৃষি এবং অকৃষি খাতে কর্মসংস্থান তৈরির ক্ষেত্রে সীমাবদ্ধতা;
  - ব্যবসায় প্রবেশের নিয়ম/ বিধি;
  - শিক্ষা এবং দক্ষতার গুণমান;
  - শ্রম বাজারের সাথে জড়িত নিয়মকানুন, এর সাথে জড়িত প্রতিষ্ঠান এবং পরিকল্পনা;

## ৩. যুবকদের কর্মসংস্থান ও উন্নয়নের জন্য প্রণীত

### জাতীয় নীতিমালা ও নির্বাচনী প্রতিশ্রুতি

ক্ষমতাসীন দলের নির্বাচনী ইশতেহার ২০১৮ তে যুবকদের কর্মসংস্থান তৈরী এবং তাদের প্রশিক্ষণ সম্পর্কিত

যে সকল লক্ষ্য নির্ধারণ করা হয়েছে-

- 'আমার গ্রাম-আমার শহর' উদ্যোগ;
- জাতীয় সেবা প্রকল্প;
- উপজেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র;
- 'কর্মঠপ্রকল্প' ও 'সুদক্ষপ্রকল্প'
- যুবকদের জন্য সমন্বিত ডাটাবেস;
- স্বনির্ভর যুবকদের জন্য জামানত মুক্ত ঋণের ব্যবস্থা করা;
- মূলধনের যোগান, প্রযুক্তি, ও উদ্ভাবনের ক্ষেত্রে সুবিধাসমূহ;
- যুব উদ্যোক্তা নীতি গ্রহণ;
- পুরুষ ও মহিলাদের ক্ষেত্রে সমান মজুরি সুনিশ্চিতকরণ;
- অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান;
- দক্ষ সরবরাহ শৃঙ্খল (supply chain) প্রতিষ্ঠা, ফসল প্রক্রিয়াজাতকরণ;
- প্রত্যাবাসী অভিবাসীদের জন্য কর্মসূচি;
- প্রতিবন্ধী শিশুদের জন্য প্রকল্প;
- 'সুনীল অর্থনীতি' এর মাধ্যমে কর্মসংস্থান
- যুবকদের জন্য পৃথক বিভাগ স্থাপন;
- যুব মন্ত্রণালয়ের জন্য তহবিলের বরাদ্দ বৃদ্ধি;
- যুব গবেষণা কেন্দ্র স্থাপন;

## ৩. যুবকদের কর্মসংস্থান ও উন্নয়নের জন্যে প্রণীত জাতীয় নীতিমালা ও নির্বাচনী প্রতিশ্রুতি

- নির্বাচনী ইশতেহারের তথ্য মতে, বিগত দশ বছরে ৩৩৫টি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারের এমপিওভুক্ত করা হয়েছে।
  - ১ লক্ষ ২১ হাজার মাদ্রাসা শিক্ষক ১০০ শতাংশ বেতন-ভাতা পাচ্ছেন সরকারের কাছ থেকে।
- সাধারণ শিক্ষা ও কওমী শিক্ষার সমতুল্য পর্যায় সৃষ্টি করা হয়েছে।
  - দাওরা এ তাকমিল কে মাস্টার্স সমমান বিবেচনা করা হচ্ছে।
- নির্বাচনী ইশতেহারে সরকার মাদ্রাসা শিক্ষাকে আরও উন্নততর করার ঘোষণা দিয়েছেন।
  - কারিগরি শিক্ষাকে মাদ্রাসা শিক্ষার অন্তর্ভুক্ত করার ঘোষণা করা হয়েছে।

## ৩. যুবকদের কর্মসংস্থান ও উন্নয়নের জন্যে প্রণীত

### জাতীয় নীতিমালা ও নির্বাচনী প্রতিশ্রুতি

যুব কর্মসংস্থান তৈরীর লক্ষ্য নিয়ে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০২০) তে যে সকল বিষয়ে

আলোকপাত করা হয়েছে-

- ভূমিহীন, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের জন্য পশুপালনের ব্যবস্থা করে দেয়া;
- নারীদের সহ বন ও বনজ সম্পদের উপর নির্ভরশীল সম্প্রদায়ের কর্মসংস্থান তৈরীর ব্যবস্থা করা;
- সমবায় সমিতির ব্যবহার করা;
- গ্রামীণ দরিদ্র জনগণ ও মহিলাদের জন্য অর্থায়নের/ অর্থ প্রাপ্তির সুযোগ-সুবিধা করে দেয়া;
- স্ব-নির্ভরদের দক্ষতার বিকাশের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- সরবরাহ শৃঙ্খলের (supply chain) বিকাশ ঘটানো;
- সংগঠন তৈরী, মূলধন গঠন, প্রশিক্ষণ এবং প্রশিক্ষণোত্তর ব্যবস্থার মাধ্যমে গ্রামীণ অঞ্চলে সহায়তা পৌঁছে দেয়া;
- আদিবাসী সম্প্রদায়ের জন্য সমবায় সমিতির উন্নয়ন সাধন করা;
- বিনিয়োগ ও কর্মসংস্থানের মাধ্যমে নগর ব্যবস্থার উন্নয়ন করা;
- এসএমই, কারিগরি প্রশিক্ষণ এবং তথ্য সম্পর্কিত শিক্ষানবিশ প্রকল্প গ্রহণ করা;
- মানব সম্পদ বিকাশের ক্ষেত্রে পর্যাপ্ত তহবিল ও সম্পদ বরাদ্দ করা;
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা এবং অবকাঠামোগত উন্নয়ন জোরদার করা।

# ৩. যুবকদের কর্মসংস্থান ও উন্নয়নের জন্যে প্রণীত

## জাতীয় নীতিমালা ও নির্বাচনী প্রতিশ্রুতি

২০১৯-২০২০ আর্থিক বছরের জাতীয় বাজেটের ঘোষণায় আগামী বছর গুলোতে কর্মসংস্থান তৈরীর সাথে

সম্পৃক্ত বেশ কয়েকটি প্রকল্পের কথা উল্লেখ করা হয়েছে

- শিল্প খাত নিয়ে ৩ বছরের প্রকল্প গ্রহণ করা;
- পরবর্তী ২ বছরের মধ্যে প্রয়োজনীয় আইন / বিধি এবং নীতি / কৌশলগুলির সংস্কার করা;
- সুনির্দিষ্ট কিছু শ্রেণীর/ জনগণের প্রশিক্ষণের জন্য ১০০ কোটি টাকার তহবিল বরাদ্দ রাখা;
- বেকার যুবকদের দক্ষতার বিকাশ ঘটানো;
- ১৫ লক্ষ মানুষের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- ‘আমার গ্রাম- আমার শহর’ প্রকল্প গ্রহণ করা;
- ১০০ টি অর্থনৈতিক এলাকা স্থাপন এবং এর মাধ্যমে ১ কোটি কর্মসংস্থান সৃষ্টি করা;
- ব্যবসায় সহজীকরণের সূচক (ease of doing business index) দুই অঙ্কে নামিয়ে আনা
- ৬৪ টি জেলার বিনিয়োগকারীদের জন্য ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) চালু করা;
- সম্ভাব্য উৎপাদন খাতের জন্য কর ছাড়ের সুবিধা অব্যাহত রাখা;
- শারীরিক ভাবে অক্ষম বা পিছিয়ে পড়া মানুষদের জন্য আলাদা ভাবে পরিকল্পনা ও বাজেট তৈরী করা;
- ‘যুব শক্তিঃ বাংলাদেশের ভবিষ্যৎ’ – বিভিন্ন উদ্যোগ গ্রহণ।

## ৪. মাদ্রাসা শিক্ষার পরিস্থিতি


➤ শিক্ষাজরিপ (ব্যানবেইস) ২০১১-২০১৮ এর তথ্য মতে, দাখিল ডিগ্রী অর্জনের পর শিক্ষার্থীর সংখ্যা ব্যাপক হারে কমে যাচ্ছে। অবশ্য, মহিলা মাদ্রাসা কম থাকা স্বত্বেও দাখিল স্তরে মেয়েদের অংশগ্রহন ছেলেদের চেয়ে বেশি।

- এর একটি বড় কারণ হতে পারে যে দাখিলের পরের স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা অনেক কম।
- উচ্চ শিক্ষায় মহিলা মাদ্রাসার স্বল্পতা ও সামাজিক বিভিন্ন বাধা, মেয়েদের একটি বড় অংশ এই শিক্ষা থেকে ঝড়ে যাওয়ার প্রধান কারণ হতে পারে।


### দেশের মাদ্রাসা, শিক্ষক, শিক্ষার্থীর তথ্য

মাদ্রাসার ধরন	ব্যবস্থাপনা	মাদ্রাসার সংখ্যা	শিক্ষক	শিক্ষার্থী	শিক্ষক-শিক্ষার্থী অনুপাত
দাখিল	বেসরকারি	৬৫৫৩	৬৫৩৭৫	১৩৫২৫৯০	১:২১
আলীম	বেসরকারি	১৪১২	২০৬৯১	৪৪২৮৭৫	১:২১
ফাজিল	বেসরকারি	১০৮৫	১৮৫৫৪	৪৬১৬১৩	১:২৫
কামিল	সরকারি	৩	৬০	৬৭১৪	১:১১২
	বেসরকারি	২৪১	৫২৩৮	২১৪১৭০	১:৪১
মোট	সরকারি	৩	৬০	৬৭১৪	১:১১২
	বেসরকারি	৯২৯১	১০৯৮৫৮	২৪৭১২৪৮	১:২২
	মোট	৯২৯৪	১০৯৯১৮	২৪৭৭৯৬২	১:২৩

### শিক্ষার্থী






### মাদ্রাসা



## ৪. মাদ্রাসা শিক্ষার পরিস্থিতি

- ২০১১-২০১৮ সালের তথ্যমতে, দেশে মাদ্রাসার সংখ্যা একটা নির্দিষ্ট পর্যায়ে রয়েছে। মাদ্রাসা পড়ুয়া শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও এতদসংক্রান্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষকের সংখ্যা প্রতি বছরই কমে আসছে।
- তবে শিক্ষার্থীর সংখ্যা ওঠানামার মধ্যে রয়েছে। তবে সাম্প্রতিক বছরে বাড়ছে।
- এতে করে অল্প সংখ্যক শিক্ষক ও প্রতিষ্ঠানের উপর অনেক বেশি চাপ পড়ছে।




তথ্যসূত্র: ব্যানবেইস, মাদ্রাসা শিক্ষা প্রতিবেদনঃ ২০১৮

## ৪. মাদ্রাসা শিক্ষার পরিস্থিতি

- বিভাগীয় পর্যায়ে সামগ্রিকভাবে বিবেচিত সকল মাদ্রাসা প্রতিষ্ঠান ও মাদ্রাসা শিক্ষার্থীদের তথ্য-উপাত্ত বিশ্লেষণ করলে দেখা যায় যে, চট্টগ্রাম বিভাগে মাদ্রাসা শিক্ষিতদের হার সবচেয়ে বেশি যা প্রায় ২৭% (মাদ্রাসা শিক্ষিতদের মধ্যে)। সেই তুলনায় মাদ্রাসা শিক্ষিতদের হার সবচেয়ে কম সিলেটে যা প্রায় ৫%। একই সাথে এটাও লক্ষণীয় যে মাদ্রাসা শিক্ষার জন্য বেশিরভাগ শিক্ষার্থীই চট্টগ্রামমুখী।
- রংপুর, খুলনা ও বরিশাল বিভাগে মহিলা মাদ্রাসার সংখ্যা অনেক বেশি থাকা স্বত্বেও মহিলা শিক্ষার্থীর সংখ্যা এসব বিভাগে অনেক কম।
  - এসকল অঞ্চলে মেয়েদের শিক্ষা গ্রহণে সামাজিক ও পারিবারিক অনেক ধরনের বাধা কাজ করে থাকে।
- মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে আঞ্চলিকতার বিষয়টি আলোচনার দাবি রাখে।

### বাংলাদেশের বিভাগওয়ারী মহিলা মাদ্রাসা শিক্ষার্থী ও প্রতিষ্ঠান






## ৪. মাদ্রাসা শিক্ষার পরিস্থিতি


- মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান সবচেয়ে বেশি চট্টগ্রাম ও রাজশাহী বিভাগে যা প্রায় ১৭%। এরপরই রয়েছে রংপুর বিভাগ প্রায় ১৬%।
- চট্টগ্রাম বিভাগে মাদ্রাসা শিক্ষিত পুরুষদের হার সবচেয়ে বেশি যা প্রায় ২৩%। সেই তুলনায় মাদ্রাসা শিক্ষিতদের হার সবচেয়ে কম সিলেটে যা প্রায় ৬%। একই সাথে এটাও লক্ষণীয় যে মাদ্রাসা শিক্ষার জন্য বেশিরভাগ শিক্ষার্থীই উত্তরবঙ্গ, ঢাকা ও চট্টগ্রামমুখী।
- পুরুষ শিক্ষার্থীদের ক্ষেত্রে রাজশাহী, রংপুর ও খুলনায় প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থীর সংখ্যা কম যেখানে বরিশালে এই হার প্রায় সমানুপাতিক। অন্যদিকে চট্টগ্রামে এই হার অনেক বেশি।

বাংলাদেশের বিভাগওয়ারী পুরুষ মাদ্রাসা শিক্ষার্থী ও প্রতিষ্ঠান



## ৫. মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠীর কর্মসংস্থান পরিস্থিতি

- খানা জরিপের (HIES) ২০১৬ এর তথ্য মতে, মাদ্রাসা শিক্ষিতদের পারিবারিক আর্থিক পরিস্থিতি জাতীয় পরিবারগুলোর আর্থিক পরিস্থিতির সমতুল্য।
- অর্থাৎ, মাদ্রাসা শিক্ষায় শিক্ষিত হওয়া ও তার আয়ে বড় কোন পার্থক্য তৈরী করছেন।
- লক্ষণীয় যে, কৃষিকাজ ব্যতীত মাদ্রাসা শিক্ষিতদের কাছে জনপ্রিয় পেশার মধ্যে গাড়ির চালক ও দর্জি, সেলাই, সেবা জাতীয় পেশায় পরিবার প্রধানের মাদ্রাসা শিক্ষিত ভাই/ বোন অথবা পুত্রবধূ/ জামাতাদের অংশগ্রহন বেশি।
- উল্লেখযোগ্য সংখ্যক মাদ্রাসা শিক্ষিত পরিবার প্রধান ও পরিবারের সদস্যরা অপ্রচলিত, কম আয়ের কাজের সাথে জড়িত।




■ গারীর চালক ও কন্ডাক্টর ■ অশ্রেণীভুক্ত বিক্রয়কর্মী ■ অশ্রেণীভুক্ত সেবাকর্মী ■ দর্জি ও অন্যান্য সেলাই কর্মী ■ পেশাগত, কারিগরী ■ কাঠ মিস্ত্রী ■ ম্যানেজার (পাইকারী ও খুচরা ব্যবসা)

তথ্যসূত্রঃ খানার আয় ও ব্যয় নির্ধারণন জরিপ (HIES ২০১৬) থেকে সিপিডি বিশ্লেষণ

## ৫. মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠীর কর্মসংস্থান পরিস্থিতি

- গাড়ির চালক, বিক্রয়কর্মী, সেবাকর্মী ও কিছু সংখ্যক ম্যানেজার ও রয়েছে।
- এছাড়া কিছু সংখ্যক বীমা, বিক্রয় তত্ত্বাবধান ইত্যাদিতে রয়েছে।
- বড় কথা হচ্ছে, ধর্মীয়/ মাদ্রাসা শিক্ষায় শিক্ষিত হওয়া স্বত্বেও অন্যান্য ধরণের পেশায় নিয়োজিত হতে শিক্ষার ধরণ বাধা হয়ে দাঁড়ায়নি।
- শিক্ষকতা তুলনামূলকভাবে কম জনপ্রিয় পেশা হলেও এই পেশায় পরিবার প্রধানের মাদ্রাসা শিক্ষিত পিতা/ মাতাই বেশি অংশগ্রহণ করে থাকে।
- তবে সাধারণ শিক্ষায় শিক্ষিত পরিবার প্রধানদের তুলনায় মাদ্রাসা শিক্ষায় শিক্ষিত পরিবার প্রধানদের আর্থিক পরিস্থিতি কিছুটা পিছিয়ে বলে মনে হয়।



তথ্যসূত্রঃ খানার আয় ও ব্যয় নির্ধারণন জরিপ (HIES ২০১৬) থেকে সিপিডি বিশ্লেষণ

## ৫. মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠীর কর্মসংস্থান পরিস্থিতি

- মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠীর আয় কাঠামো জাতীয় আয় কাঠামো থেকে খুব ভিন্নতর নয়।
- বেশিরভাগ জনগোষ্ঠীর আয় একদম নেই থেকে ১০০০০ টাকার মধ্যেই বিদ্যমান। তবে ১০ হাজার থেকে ২০ হাজার টাকা আয়ের ক্ষেত্রে মাদ্রাসা শিক্ষিতরা সামান্যতম এগিয়ে কিন্তু উপরের স্তরের আয়ে যেমন ১ লাখ বা ততোধিকের ক্ষেত্রে এদের অনুপস্থিতি লক্ষণীয়।
- জাতীয়ভাবে তারা পিছিয়ে না থাকলেও শিক্ষিত জনগোষ্ঠীর আয় কাঠামো বিবেচনায় তারা পিছিয়ে রয়েছে বলে প্রতীয়মান হয়।

### পরিবার প্রধানের মাসিক আয়ঃ মাদ্রাসা শিক্ষিত ও জাতীয় পর্যায়।

মাসিক বেতন	মাদ্রাসা (%)	জাতীয় (%)
০-৯৯৯৯ (টাকা)	৫২.৮	৫৩.৭
১০০০০-১৯৯৯৯ (টাকা)	৩৫.৯	৩১.৮
২০০০০-২৯৯৯৯ (টাকা)	৭.৬	৯.৮
৩০০০০-৪৯৯৯৯ (টাকা)	৩.২	৪.০
৫০০০০-১০০০০০ (টাকা)	০.৫	০.৬
১০০০০০-১৯৯৯৯৯ (টাকা)	০.০	০.১
২০০০০০-৩৮০০০০ (টাকা)	০.০	০.১
মোট	১০০	১০০

তথ্যসূত্রঃ খানার আয় ও ব্যয় নির্ধারণন জরিপ (HIES ২০১৬) থেকে সিপিডি বিশ্লেষণ

## ৫. মাদ্রাসা শিক্ষিত জনগোষ্ঠীর কর্মসংস্থান পরিস্থিতি

- জাতীয় পর্যায়ে সাথে তুলনা করলে দেখা যায় যে, শিক্ষা, প্রশিক্ষণ ও কর্মসংস্থানে নেই (NEET) এমন জনগোষ্ঠীর সংখ্যা মাদ্রাসা পড়ুয়াদের ক্ষেত্রে অনেক কম।
- লক্ষণীয় ব্যাপার হচ্ছে, এইচএসসি বা সমমান পর্যন্ত নিচের থেকে যত উপরের শিক্ষায় উন্নীত হচ্ছে ততই এই হার বৃদ্ধির প্রবণতা দেখা যাচ্ছে।
- সবচেয়ে বেশি এই হার লক্ষণীয় পিএসসি, জেএসসি ও এসএসসি পাশকৃত শিক্ষার্থীদের মধ্যে।
- আবার নিচে অন্তর্ভুক্ত নয়, এমন শিক্ষার্থীর হার সবচেয়ে বেশি পিএসসি থেকে এইচএসসি পর্যন্ত।
- অর্থনৈতিক বিস্তৃতি বা নতুন কর্মসংস্থান তৈরীর অভাব এক্ষেত্রে বড় কারণ হিসেবে বিবেচিত হতে পারে।

যারা কোন শিক্ষা, প্রশিক্ষণ ও কর্মে নেই

	নিট	নিট নয়	মোট
পাশ করেনি	৩৪.০	৪.২	২৩.৮
১ম শ্রেণি	০.৪	০.২	০.৩
২য় শ্রেণি	১.৮	০.৯	১.৫
৩য় শ্রেণি	২.৮	১.৯	২.৫
৪র্থ শ্রেণি	৩.১	২.৪	২.৮
পিএসসি	১৫.০	১০.৩	১৩.৪
৬ষ্ঠ শ্রেণি	৩.৮	৩.৮	৩.৮
৭ম শ্রেণি	৪.৭	৫.৭	৫.০
জেএসসি	৮.৮	১১.৩	৯.৭
৯ম শ্রেণি	৭.৪	১৬.১	১০.৪
এসএসসি/ সমমান	৯.৮	২০.৭	১৩.৫
এইচএসসি/ সমমান	৪.৬	১৯.৮	৯.৮
ডিপ্লোমা	০.৪	০.৩	০.৪
স্নাতক	১.৯	১.৪	১.৭
স্নাতকোত্তর	১.৩	০.১	০.৯
পিএইচডি	০.০	০.০	০.০
<b>মাদ্রাসা</b>	<b>০.২</b>	<b>০.৮</b>	<b>০.৪</b>
জাতীয়	১০০.০	১০০.০	১০০.০

## ৬. মাদ্রাসা শিক্ষার চ্যালেঞ্জ

- বিভিন্ন গবেষণা প্রতিবেদনে মাদ্রাসা শিক্ষার চ্যালেঞ্জ হিসেবে নিম্নোক্ত বিষয়গুলো বর্ণিত হয়েছে-
  - অপ্রতুল শিক্ষা উপকরণ
  - সীমিত সিলেবাস
  - অপ্রতুল শিক্ষক
  - দুর্বল বেতন কাঠামো
  - অপরিাপ্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠান
  - অপরিাপ্ত দক্ষ শিক্ষক
  - দুর্বল শিক্ষা মান
  - দুর্বল আর্থিক পরিস্থিতি

## ৬. মাদ্রাসা শিক্ষার চ্যালেঞ্জ

➤ বিভিন্ন গবেষণায় মাদ্রাসা শিক্ষার কারিকুলামকে আরো আধুনিকায়নের উপর গুরুত্ব দেয়া হয়েছে।

### মাদ্রাসা শিক্ষার কারিকুলাম

### মাদ্রাসা শিক্ষা কাঠামো/ স্তর

শ্রেণি	বিষয়	নিয়ন্ত্রক কর্তৃপক্ষ	মাদ্রাসা শিক্ষা স্তর	সাধারণ শিক্ষা স্তর
১ম শ্রেণি	আরবি, বাংলা, অংক			
২য় শ্রেণি	আরবি, বাংলা, অংক, ধর্মীয় শিক্ষা, সাধারণ বিষয়াবলী	মাদ্রাসা শিক্ষা বোর্ড	এবতেদায়ী	প্রাথমিক শিক্ষা
৩য় শ্রেণি	আরবি, বাংলা, অংক, ধর্মীয় শিক্ষা, সাধারণ বিষয়াবলী		দাখিল	এসএসসি
৪র্থ শ্রেণি	আরবি, বাংলা, অংক, ধর্মীয় শিক্ষা, সাধারণ বিষয়াবলী		আলীম	এইচএসসি
৫ম শ্রেণি	ধর্মীয় শিক্ষা, সাধারণ বিষয়াবলী	ইসলামিক বিশ্ববিদ্যালয়	ফাজিল	স্নাতক/ সম্মান
৬ষ্ঠ শ্রেণি	ধর্মীয় শিক্ষা, সাধারণ বিষয়াবলী		কামিল	মাষ্টার্স
দাখিল (সাধারণ)	ইসলামের ইতিহাস, সামাজিক বিজ্ঞান,	প্রস্তাবিত কওমি শিক্ষা ব্যবস্থা	কওমি মাদ্রাসা শিক্ষা স্তর	সাধারণ শিক্ষা স্তর
দাখিল (বিজ্ঞান)	রসায়ন, পদার্থ, কৃষি/ জীববিজ্ঞান/ উচ্চতর গণিত	কাফিয়া/ কুদুরী	তাহফীযুল কোরআন	প্রাথমিক শিক্ষা
দাখিল (মুজাহিদ)	কুরআন, হাদিস, আরবী, সাহিত্য, ফিকহ, সাধারণ শিক্ষা	শারহে জামী/ কানয	এবতেদায়ী	এসএসসি
দাখিল (হিফজুল)		শারহে বেকায়া	মুতাওয়াসীতাহ	এইচএসসি
আলীম	ভূগোল, রসায়ন, পদার্থ, জীববিদ্যা, উচ্চতর গণিত	মিশকাত/ জালালাইন	সানারী আম্মাহ	স্নাতক/ সম্মান
ফাজিল (ডিগ্রী/ অনার্স)	ধর্মীয় শিক্ষা, বাংলা, ইংরেজী, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস, দর্শন, সমাজবিদ্যা, সামাজিক কল্যান	দাওরায়ে হাদীস	ফাজিলতি	মাষ্টার্স
কামিল				

# ৭. ঢাকা জেলা: শিক্ষা, প্রশিক্ষণ, কর্মসংস্থান এবং যুবসমাজের সাথে জড়িত সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান

যুবকদের বিভিন্ন ধরনের সেবা প্রদান যেমন- শিক্ষা, দক্ষতার উন্নয়ন এবং ব্যবসায়ের জন্য উদ্যোক্তা বিকাশের ক্ষেত্রে নিম্নলিখিত বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানগুলি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত।

## সরকারি প্রতিষ্ঠান

- জেলা প্রশাসন/ নগরপালের কার্যালয়
- উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়
- হিসাবরক্ষকের কার্যালয়
- চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের কার্যালয়/  
আদালত
- সমাজ সেবা
- জেলা পুলিশের কার্যালয়
- ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট
- জেলা শিক্ষা অফিস
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
- মাদ্রাসা শিক্ষা বোর্ড
- জেলা প্রাথমিক শিক্ষা অফিস
- উপজেলা রিসোর্স সেন্টার
- জেলা অনানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো অফিস
- আইসিটি বিভাগ, জেলা অফিস
- শিক্ষা সংক্রান্ত আইসিটি প্রশিক্ষণ ও সংস্থান কেন্দ্র (ইউআইটিআরসিই)
- জেলা যুব উন্নয়ন অফিস
- উপ-পরিচালকের কার্যালয়, স্থানীয় সরকার
- কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- বেফাফুল মুদাররেসিন (বাংলাদেশ কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ড
- মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক শিক্ষা বোর্ড
- স্থানীয় সরকার বিভাগ
- সড়ক ও জনপথ অধিদপ্তর
- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- কাস্টমস এক্সাইজ এবং ভ্যাট অফিস
- কর কমিশনারের অফিস
- জাতীয় জেলা সঞ্চয় অফিস
- আমদানি-রফতানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
- বাংলাদেশ ব্যাংক
- বাণিজ্যিক ব্যাংক



## ৮. কর্মশালা-আলোচনার উদ্দেশ্য, কাঠামো এবং ধরণ

### ➤ কর্মশালার উদ্দেশ্য

- ঢাকায় কর্মশালা আয়োজনের উদ্দেশ্য হলো বিভিন্ন যুব গোষ্ঠী, পরিষেবা সরবরাহকারী (যেমন- শিক্ষা এবং দক্ষতা ভিত্তিক প্রতিষ্ঠান) এবং বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের নিয়োগকারীদের কার্যকারিতার (সরকারী, বেসরকারী এবং সিএসও) সাথে সম্পর্কিত বিভিন্ন বিষয় সম্পর্কে তথ্য সংগ্রহ করা।

### ➤ ‘শিক্ষা ও প্রশিক্ষণ’ বিষয়ে আলোচনার উদ্দেশ্যসমূহঃ

- তরুণদের তাদের বর্তমান এবং ভবিষ্যতের কর্মসংস্থান সম্পর্কে আকাজক্ষা বোঝার জন্য;
- যুবক, শিক্ষা, প্রশিক্ষণ ও কর্মসংস্থান নিয়ে কর্মরত বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের (বেসরকারী প্রতিষ্ঠান) ‘দক্ষতা’, ‘স্বচ্ছতা’ এবং ‘জবাবদিহিতা’ মূল্যায়ন করা;
- স্থানীয় পর্যায়ে কর্মসংস্থানের ক্ষেত্রে যুবকদের দক্ষতার ব্যবধানের মূল্যায়ন করা;
- শিক্ষা, দক্ষতা এবং চাকরির সুযোগের ক্ষেত্রে মহিলা, প্রান্তিক ও সুবিধাবঞ্চিত গোষ্ঠী, এবং যারা শিক্ষা, কর্মসংস্থান এবং প্রশিক্ষণে নেই এমন তরুণদের পশ্চাদপদতার মূল্যায়ন করা;
- নির্বাচনী ইশতেহারে ঘোষিত বিভিন্ন উদ্যোগ, পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং শিক্ষা ও দক্ষতা বিকাশ সম্পর্কিত জাতীয় বাজেটে গৃহীত পদক্ষেপ সম্পর্কে বিভিন্ন স্টেকহোল্ডারদের দৃষ্টিভঙ্গি পর্যালোচনা করা;
- যুবকদের শিক্ষা, প্রশিক্ষণ ও দক্ষতার ক্ষেত্রে উন্নততর সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে বিদ্যমান সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কিভাবে আরো কার্যকর, স্বচ্ছ এবং জবাবদিহিমুখী হতে পারে, সে সম্পর্কে সুপারিশমালা তৈরী করা।

## ৮. কর্মশালা-আলোচনার উদ্দেশ্য, কাঠামো এবং ধরণ

### ➤ ‘ব্যবসায় এবং উদ্যোগ’ বিষয়ে আলোচনার উদ্দেশ্যসমূহঃ

- তরুণদের তাদের বর্তমান এবং ভবিষ্যতের কর্মসংস্থান সম্পর্কে আকাজ্জা বোঝা;
- যুবকদের ব্যবসায়ের/ উদ্যোগের সাথে সম্পর্কিত বিভিন্ন সরকারি / বেসরকারি অফিসের পরিষেবার ‘দক্ষতা’ ‘স্বচ্ছতা’ এবং ‘জবাবদিহিতা’ মূল্যায়ন করা;
- বিভিন্ন ব্যবসায়/ উদ্যোগে যুবনারী সহ প্রান্তিক ও সুবিধাবঞ্চিত যুবগোষ্ঠীর পশ্চাদপদতার মূল্যায়ন বা অনুসন্ধান করা;
- নির্বাচনী ইশতেহারে ব্যবসায়/ উদ্যোগ বিষয়ে ঘোষিত বিভিন্ন উদ্যোগ, পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং জাতীয় বাজেটে গৃহীত পদক্ষেপ সম্পর্কে বিভিন্ন ষ্টেকহোল্ডারদের/ অংশীদারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের দৃষ্টিভঙ্গি পর্যালোচনা করা;
- যুব উদ্যোক্তা, ব্যবসায়ী ও স্বনির্ভরদের ক্ষেত্রে উন্নততর সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে সরকারী অফিসের বিদ্যমান পরিষেবাগুলো কীভাবে আরও কার্যকর, স্বচ্ছ’ ও জবাবদিহি করা যায়, সে সম্পর্কে সুপারিশমালা তৈরী করা।

## ৮. কর্মশালা-আলোচনার উদ্দেশ্য, কাঠামো এবং ধরণ

### ➤ ‘মজুরি কর্মসংস্থান’ বিষয়ে আলোচনার উদ্দেশ্যসমূহঃ

- তরুণদের তাদের বর্তমান এবং ভবিষ্যতের কর্মসংস্থান সম্পর্কে আকাঙ্ক্ষা বোঝা;
- যুবসমাজের কর্মসংস্থান করে থাকে এমন বিভিন্ন সরকারি দফতরের ‘দক্ষতা’ ‘স্বচ্ছতা’ এবং ‘জবাবদিহিতা’ মূল্যায়ন করা;
- যুবসমাজের কর্মসংস্থান করে থাকে এমন বিভিন্ন বেসরকারি দফতরের ‘দক্ষতা’ ‘স্বচ্ছতা’ এবং ‘জবাবদিহিতা’ মূল্যায়ন করা;
- যুবসমাজের দক্ষতার ক্ষেত্রে দক্ষতার যে ঘাটতি/ ব্যবধান রয়েছে তা মূল্যায়ন করা এবং কোন পেশায় কি ধরণের দক্ষতার প্রয়োজন হয় তা খুঁজে বের করা;
- উপযুক্ত কাজের ক্ষেত্রে নারী সহ প্রান্তিক ও সুবিধাবঞ্চিত যুবসমাজের পশ্চাদপদতার কারণ অনুসন্ধান করা;
- বিভিন্ন ব্যবসায়/ উদ্যোগে যুবনারী সহ প্রান্তিক ও সুবিধাবঞ্চিত যুবগোষ্ঠীর পশ্চাদপদতার মূল্যায়ন বা অনুসন্ধান করা;
- শিক্ষা, কর্ম ও প্রশিক্ষণে নেই যারা তাদের চাকরির প্রতি অনাগ্রহের কারণ অনুসন্ধান করা;
- নির্বাচনী ইশতেহারে ব্যবসায়/ উদ্যোগ বিষয়ে ঘোষিত বিভিন্ন উদ্যোগ, পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং জাতীয় বাজেটে গৃহীত পদক্ষেপ সম্পর্কে বিভিন্ন স্টেকহোল্ডারদের/ অংশীদারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের দৃষ্টিভঙ্গি পর্যালোচনা করা;
- যুব উদ্যোক্তা, ব্যবসায়ী ও স্বনির্ভরদের ক্ষেত্রে উন্নততর সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে সরকারী অফিসের বিদ্যমান পরিষেবাগুলো কীভাবে আরও কার্যকর, স্বচ্ছ’ ও জবাবদিহি করা যায়, সে সম্পর্কে সুপারিশমালা তৈরী করা।

# ধন্যবাদ



[www.cpd.org.bd](http://www.cpd.org.bd)